

# ২০২০-২১ অর্থ বছরের ফেনী পওর বিভাগের আওতাধীন সমাপ্ত প্রকল্পের সার সংক্ষেপ :

১। প্রকল্পের নাম : ফেনী জেলার ছাগলনাইয়া ও ফেনী সদর উপজেলাধীন ফেনী নদীর ডানতীর ভাঙ্গন হতে নাঙ্গল মোড়া ও জগৎ জীবনপুর এলাকা রক্ষা প্রকল্প।

- ২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : পানি সম্পদ মন্ত্রণালয়।  
৩। বাস্তবায়নকারী সংস্থা (সংস্থাসমূহ) : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।  
৪। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ : কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ।  
৫। প্রকল্পের বাস্তবায়নকাল :

ক) শুরু তারিখ : জুলাই, ২০১৯

খ) সমাপ্তির তারিখ : জুন, ২০২১

৬। প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়) :

ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্যঃ ৪৬৮১.৪০(লক্ষ টাকা)

প্রকল্পের বাস্তব অগ্রগতিঃ ৪৫১১.০১(লক্ষ টাকা)

বাস্তব অগ্রগতিঃ ৯৯%

৭। প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রাঃ

- ক। নাঙ্গল মোড়া ও জগৎজীবনপুর এলাকাকে ফেনী নদীর ডানতীর ভাঙ্গন হতে রক্ষা করা;  
খ। নাঙ্গল মোড়া ও জগৎজীবনপুর এলাকাকে নিরাপদ বন্যামুক্ত এলাকা হিসেবে গড়ে তোলা;  
ঘ। ফেনী নদীর ভাঙ্গন ও নদীর গতিপথ পরিবর্তনে নদী ড্রেজিং কাজ করা;  
ঘ। নদী ভাঙ্গনের জন্য প্রকল্প এলাকায় প্রায় ৩৮৭০৫.০০ লক্ষ টাকা মূল্যের সম্পদ রক্ষা করা।  
ঙ। স্থিতিশীল ও নির্ভরযোগ্য কৃষি নিশ্চিত করে দারিদ্র্য দূরীকরণ, জীবনযাত্রার মানোন্নয়ন এবং কর্মের সুযোগ তৈরী করা;  
চ। নদীর গতি পথ পরিবর্তন প্রতিরোধ করা;  
ছ। সামাজিক নিরাপত্তাসহ এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন অব্যাহত রাখা;  
জ। পরিবেশের বিরূপ প্রভাব হতে প্রকল্প এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষা করা।

৮। প্রকল্পের পটভূমি :

ফেনী পওর বিভাগ, বাপাউবো, ফেনী এর আওতায় ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলার গোপাল ইউনিয়নে ফেনী নদীর ডানতীরে নাঙ্গলমোড়া এবং ফেনী সদর উপজেলার ফরহাদ নগর ইউনিয়নে জগৎজীবনপুর গ্রাম অবস্থিত। এই গ্রামের পূর্ব প্রান্ত দিয়ে ফেনী নদী প্রবাহিত। ফেনী নদীর উৎপত্তি বাংলাদেশের খাগড়াছড়ি জেলার পার্বত্য এলাকা হতে। প্রায় প্রতি বছর পাহাড়ী ঢল ও বন্যার ফলে নাঙ্গলমোড়া এবং ফরহাদ নগর ইউনিয়নের জগৎজীবনপুর গ্রামের শত শত বাড়ীঘর, মসজিদ, মাদ্রাসা, স্কুল, কবরস্থান ও মৎস্য পুকুর সহ হাজার হাজার ত্রিফসলী আবাদী জমি নদী গর্ভে বিলিন হয়ে যাচ্ছে। ফলে উক্ত গ্রামের শত শত পরিবার বাড়ীঘর, জায়গা-জমি হারিয়ে নিঃশ্ব হয়ে যাচ্ছে এবং মানবতর জীবন যাপন করছে। মাননীয় সংসদ সদস্য, স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ, পাউবো'র কর্মকর্তাগণসহ জেলা প্রশাসক ও জনপ্রতিনিধিগণ প্রকল্প পরিদর্শন করে নদী ভাঙ্গনের তীব্রতা ও দেখে উদ্বেগ প্রকাশ করেন এবং জরুরী প্রতিরক্ষামূলক ও ড্রেজিং কাজ বাস্তবায়নের জন্য তাগাদা দেন।

বর্নিত ভাঙ্গন হতে নাঙ্গল মোড়া এবং জগৎজীবনপুর গ্রামগুলি রক্ষার জন্য মাননীয় সংসদ সদস্য, ফেনী-১ ও ফেনী-২ মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা বরাবর বরাবর ডিও লেটার প্রদান করেছেন। স্থানীয় জনসাধারণ মহাপরিচালক, বাপাউবো, ওয়াপদা ভবন, ঢাকা বরাবর আবেদন করেছেন। এছাড়া স্থানীয় প্রশাসনের তরফ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

উক্ত এলাকার বসতবাড়ী, রাস্তাঘাট, ফসলি জমি, স্কুল, মসজিদ, মাদ্রাসা ইত্যাদি রক্ষার জন্য স্থানীয় জনসাধারণ, জনপ্রতিনিধি এবং প্রশাসনের দাবীর প্রেক্ষিতে সরকারের ভাবমূর্তি রক্ষার্থে অবিলম্বে ফেনী জেলার ছাগলনাইয়া ও ফেনী সদর উপজেলাধীন ফেনী নদীর ডানতীর ভাঙ্গন হতে নাঙ্গল মোড়া ও জগৎ জীবনপুর এলাকা রক্ষা আবশ্যিক।

# সমাপ্ত কাজের স্থিরচিত্র

